


পাহাড়ি মেয়ে গিরিশা



লেখক: নাজিয়া জাবীন
আঁকিয়ে: মামুন হোসাইন



পাহাড়ি মেয়ে গিриশা ।






ঝর্ণার ধারে ওদের বাড়ি ।
বন মোরগের ডাকে ঘুম ভাঙে ওর ।



ছুটে বেড়ায় পাহাড়ে পাহাড়ে ।
হাত বাড়িয়ে মেঘের সাথে খেলা করে ।



বনের সব পশু-পাখি ওর সাথী ।
ওদের সাথেই নেচে গেয়ে দিন কাটে ।



বুনো ফুলের মালা ওর খুব ভালো লাগে ।
এক বিকেলে গিরিশা মালা গাঁথছিল ।





হঠাৎ শোনে হৈচৈ ।
পাগলা হাতি এসেছে ।



সবাই ভয়ে দৌড়ে পালায় ।
গিরিশা ধীরে এগিয়ে যায় ।




বাবাকে বলে, হাতির খিদে পেয়েছে।
এক কাঁদি কলা আনো।



হাতিকে ছুঁড়ে দেয় কলা ।



ফিরে যেতে বলে হাতিকে।



গিরিশার সাহস দেখে অবাক সবাই।




হাতি শুঁড় দিয়ে পানি ছিটায় ।






গিরিশা ওর গাঁথা মালা হাতিকে দেয় ।





গভীর বনে ফিরে যায় হাতি ।



ঝর্ণার ধারে ঢোল বেজে ওঠে ।
খুশিতে নেচে ওঠে সবাই ।

